

## বাংলাদেশ

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসন দেবে আস-সুন্নাহ ফাউন্ডেশন, আবেদন আহ্বান

প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০২ সেপ্টেম্বর ২০২৫, ০২: ০৯



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, আস-সুন্নাহ ফাউন্ডেশন, কেরানীগঞ্জ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আবাসনপ্রত্যাশী শিক্ষার্থীদের কাছ থেকে আবার আবেদন আহ্বান করেছে আস-সুন্নাহ ফাউন্ডেশন। বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (১৮, ১৯ ও ২০তম আবর্তন) আগ্রহী ছাত্রদের ৭ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে বলা হয়েছে।

সোমবার 'মেধাবী' প্রকল্পের আওতায় আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত ছাত্রহল-০১-এর প্রাধ্যক্ষ মুহম্মদ আসাদুজ্জামান হাদী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত ‘মেধাবী’ প্রকল্পে ছাত্রদের আবাসনের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (১৮, ১৯ ও ২০তম আবর্তন) আগ্রহী ছাত্রদের ৭ সেপ্টেম্বরের মধ্যে গুগল লিংক এবং সরাসরি আবেদন ফরমে আবেদন করার জন্য বলা হয়েছে।

এর আগে দুই দফায় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ (১৯ ব্যাচ) ও ২০২৪-২৫ (২০ ব্যাচ) শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষ ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের কাছ থেকে আবেদনের পরিপ্রেক্ষিতে ৬০৫ শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করেছে আস-সুন্নাহ ফাউন্ডেশন। আবাসনের পাশাপাশি ছাত্রদের জন্য তিন বেলা খাবার, চারটি কম্পিউটার ল্যাব, ভাষা প্রশিক্ষণ (ইংরেজি, বাংলা ও আরবি), নৈতিক শিক্ষা এবং ক্যারিয়ার উন্নয়নে সেমিনারের সুবিধা রাখা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য দক্ষিণ কেরানীগঞ্জের হাসনাবাদ এলাকার পোর্ট কনটেইনার রোডে একটি ১০ তলা ভবন অস্থায়ী আবাসন হিসেবে বরাদ্দ করেছে আস-সুন্নাহ ফাউন্ডেশন। ২০২৪ সালের ১০ ডিসেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও আস-সুন্নাহ ফাউন্ডেশন এ-সংক্রান্ত একটি চুক্তি সই করে।

চুক্তি অনুযায়ী, কেরানীগঞ্জের বসুন্ধরা রিভারভিউ প্রজেক্ট এলাকায় আস-সুন্নাহ ফাউন্ডেশন প্রাথমিকভাবে ৭০০ শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করবে। পর্যায়ক্রমে এই সংখ্যা পাঁচ হাজার শিক্ষার্থীতে উন্নীত করা হবে। চুক্তিপত্রে বলা হয়েছে, শিক্ষার্থীদের আবাসিক ভবন থেকে একাডেমিক ভবনে পরিবহনের ব্যবস্থা করবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আবেদনের গুগল ফরম [লিংক](#):

সরাসরি আবেদন [ফরম লিংক](#):

